

আপনার  
সাহায্যকারী  
বন্ধু



Bengali

Your Helpful Friend

CL 3230

আপনার  
সাহায্যকারী বন্ধু  
**Your  
Helpful  
Friend**

লেখক : এল. জেটার ওয়াকার  
অনুবাদ : দানিয়েল দীপন সরকার  
সম্পাদনায় : সাইলাস এম, বাথ

---

ইন্টারন্যাশনাল করসপগেন্স ইনস্টিটিউট  
৪০১/১ নিউ ইঙ্কটন রোড,  
পোস্ট বক্স ৭০০, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

প্রকাশনায় :

আই, সি, আই,

৪০১/১ নিউ ইস্কাটন রোড,

পোস্ট বক্স-৭০০

ঢাকা-১০০০, বাংলাদেশ।

সর্বস্ব সংরক্ষিত

ছাপা ৩০০০ কপি

১৯৮৯ ইং

Your Helpful Friend

1989 All Rights Reserved

International Correspondence Institute

Brussels, Belgium

Printed by Permission of I. C. I. 1989

Printed at 401/1 New Eskaton, Dhaka-1000

মুদ্রণে : এ্যাসেমব্লী প্রেস

৪০১/১ নিউ ইস্কাটন রোড,


ঢাকা-১০০০, বাংলাদেশ।

CL 3230-BW



## সূচীপত্র

পাঠ	পৃষ্ঠা
	দু'টি কথা..... ৫
১ম পাঠ : আপনার একজন বন্ধু —পবিত্র আত্মা.....	৮
২য় পাঠ : পবিত্র আত্মা আপনাকে জীবন দেন...	৩০
৩য় পাঠ : পবিত্র আত্মা আপনাকে প্রার্থনায় সাহায্য করেন.....	৫৩
৪র্থ পাঠ : পবিত্র আত্মা আপনাকে পরিচালনা দেন.....	৭৬
৫ম পাঠ : পবিত্র আত্মা আপনাকে শক্তি দেন.....	৯৭
৬ষ্ঠ পাঠ : পবিত্র আত্মা আপনাকে পূর্ণ করেন.....	১১৮



## আপনার সাহায্যকারী বন্ধু

### দু'টি কথা

আপনি সম্ভবতঃ এই বইটির পিছনের কভারের লেখা পাঠ করেছেন। যেখানে এই বইটি পড়ার কতগুলি উদ্দেশ্য উল্লেখ করা হয়েছে। এইগুলি কি আপনারও উদ্দেশ্য? যদি তা-ই হয়ে থাকে, তাহলে যে সকল নর-নারী পবিত্র আত্মাকে তাদের জীবনে বন্ধু হিসাবে পেয়েছিলেন তাদের বিষয় জানতে পেরে অবশ্য আনন্দ উপলব্ধি করতে পারবেন। আপনি বাইবেল থেকে জানতে পারবেন এই বন্ধু আপনার জন্য কি করতে পারেন? সব চাইতে বড় বিষয় হচ্ছে প্রত্যেকটি পাঠে যে সকল নির্দেশ দেওয়া হয়েছে; তা যদি পালন করেন, তাহলে ঈশ্বরকে ভালভাবে জানতে পারবেন এবং সক্রিয় ভাবে তার সেবা করতে পারবেন।

আপনি যদি এই কোর্সটি অন্যকে শিক্ষা দিতে চান বা নিজে এ বিষয়ে আরো পড়তে চান এবং পবিত্র আত্মা বর্তমানে কি ভাবে কাজ করে চলছে তা জানতে চান তাহলে শেষ পৃষ্ঠায় কতগুলি নির্দেশ পাবেন যেগুলি আপনার জন্য সাহায্যকারী হবে।

এই শিক্ষামালা পাঠ করতে গিয়ে বাইবেলের পদগুলির সঙ্গে যদি আপনার পদগুলির হুবহু মিল না

## আপনার সাহায্যকারী বন্ধু

থাকে, তাহলে চিন্তিত হবেন না। কারণ আপনি নিশ্চয় জানেন বাটবেলের বিভিন্ন প্রকার অনুবাদ রয়েছে। এখানে আমরা কিং জেমস এর অনুবাদ ব্যবহার করেছি। উদ্ধৃত অংশগুলিতে বইয়ের নাম, অধ্যায় ও পদের উল্লেখ করা হয়েছে। আবার কোন কোন স্থানে পদের অংশ বিশেষ উদ্ধৃত করা হয়েছে। আপনার বাটবেলেই তা খুঁজে পাবেন। আপনার সাহায্যকারী বন্ধু বইটি পকেটে বহন করে নেবার মতো করে তৈরী করা হয়েছে যেন আপনি সঙ্গে নিয়ে যেতে পারেন এবং পাঁচ দশ মিনিট অবসর সময়ে তা পাঠ করতে পারেন। চেষ্টা করুন যেন সপ্তাহে অন্ততঃ একটি করে অধ্যায় শেষ করতে পারেন।

এই আধুনিক শিক্ষা পদ্ধতির মধ্য দিয়ে এই পাঠ্য-মালা নিজের জন্য উপভোগ্য ও সহজ হবে, যা আপনার আগ্রহকে বাড়িয়ে তুলবে। প্রত্যেক পাঠ শুরু করার পূর্বে যে খসড়া দেওয়া হয়েছে তা অবশ্য স্বল্প সহকারে পাঠ করবেন; সেই সঙ্গে “আপনার চিন্তার জন্য” অংশটি সতর্কতার সঙ্গে পাঠ করে আপনার মনকে প্রস্তুত করুন এবং এই সত্যকে আপনার জীবনে প্রয়োগ করুন। তারপর পাঠ্যমালার বিভিন্ন অংশে আপনার করণীয় অংশে যে নির্দেশ দেওয়া হয়েছে, তা পালন করুন।



## ছাত্র-রিপোর্ট

আপনি যদি একটি সার্টিফিকেট লাভ করার জন্য এই বইটি পড়ে থাকেন তাহলে এই বইয়ের সঙ্গে ছাত্র রিপোর্টের প্রশ্ন ও উত্তর পত্র পাবেন। এই ছাত্র-রিপোর্টের দু'টি অংশ আছে। কখন কোন্ অংশের কাজ করতে হবে পাঠের সঙ্গে দেওয়া নির্দেশই তা বলে দেবে।

ছাত্র রিপোর্টের নির্দেশ মতো উত্তরগুলো পূরণ করে স্থানীয় আই, সি, আই, অফিসে পাঠিয়ে দিন। এই বইয়ের ছাত্র-রিপোর্টের পেছনের মলাটে অথবা দ্বিতীয় পৃষ্ঠায় আপনি ঠিকানা পাবেন। ছাত্র-রিপোর্ট পূরণ করে আই, সি, আই, অফিসে পাঠিয়ে দিলে পর আপনাকে একখানি সুন্দর সার্টিফিকেট পাঠিয়ে দেওয়া হবে।